



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫  
[www.dhakacollege.edu.bd](http://www.dhakacollege.edu.bd)



তারিখ: ০৭/১১/২০২৩ খ্রি:

## বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা কলেজের একাদশ, দ্বাদশ, অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে অনলাইন গ্যাম্বলিং, বেটিং, ফরেন এক্সচেঞ্জ/ক্রিপ্টোকারেন্সি ট্রেডিং এবং হন্ডির মাধ্যমে সংঘটিত অবৈধ লেনদেন মাত্রাতিরিক্ত হারে বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন পর্যালোচনায় অনলাইন গ্যাম্বলিং, বেটিং, ফরেন এক্স/ক্রিপ্টোকারেন্সি ট্রেডিং এবং হন্ডির মাধ্যমে দেশের অর্থ বিদেশে পাচার হওয়ার দৃষ্টান্ত উঠে এসেছে, যা দেশের অর্থনীতির জন্য হুমকিস্বরূপ। এছাড়া এসব অবৈধ লেনদেনে জড়িত হয়ে জনগণ বিভিন্নভাবে প্রভাবিত হচ্ছে। দেশীয় আইন অনুযায়ী ব্যক্তি পর্যায়ে ডলার কেনাবেচা করা বা বিনিয়োগ করা নিষিদ্ধ। এছাড়া, গ্যাম্বলিং, বেটিং, ক্রিপ্টোকারেন্সি এবং হন্ডির লেনদেনও বাংলাদেশের অনুমোদিত নয়। এসব ফরেন এক্স ও ক্রিপ্টোকারেন্সিতে বিনিয়োগের ফাঁদে পড়ে তরুণ সমাজসহ বিভিন্ন শ্রেণি-পেশার লোকজন তাদের কষ্টার্জিত অর্থ হারাচ্ছে। তাই কলেজের একাদশ, দ্বাদশ, অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীদের উপরোক্ত বিষয়ে না জড়ানো জন্য সচেতন থাকার জন্য বলা হলো।



(অধ্যাপক মোহাম্মদ ইউসুফ)

আইডি নং-৭৬৩৮

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা-১২০৫

ফোন: ০২-৯৬১৩৫৫৯

E-mail: [dhakacollegeprincipal@gmail.com](mailto:dhakacollegeprincipal@gmail.com)

